For and on behalf of Khardaha Co-operative Colony Ltd.

Chairman/Vice-Chairman

Secretary/Asst-Secretary

Director

Director

Sub-Registrar at Barrackpore.

# চিরস্থায়ী স্বত্বের বন্দোবস্তীয় দলিল

**Khardaha Co-operative Colony Ltd.** a Co-operative Society registered under the Bengal Co-operative Societies Act. ( Bengal Act XX1 ) of 1940 having its registered office at P. O. Rahara, P. S. Khardah, Dist. 24 Parganas. (অত্র দলিলে স্থলবিশেষে "সমিতি" বলিয়া অভিহিত ) ... ... ... প্রথম পক্ষ

ও

শ্রীমতি সুনীতি বালা পালিত। পতি শ্রী ইন্দুভূষণ পালিত। সাং ১১৬/২, সি সারকুলার গার্ডেন রীচ রোড, খিদিরপুর। থানা ওয়াটগঞ্জ, কলিকাতা হইতে।

দ্বিতীয় পক্ষ

কস্য চিরস্থায়ী স্বত্বের বন্দোবস্তীয় দলিল পত্রমিদং কার্য্যঞ্চাগে জেলা ২৪ পরগণা, থানা খড়দহ, সবরেজেষ্ট্রী বারাকপুর, ২৪ পরগণা কালেক্টরীর ৩।১৪৭।১৬০।১৬১।১৬২ নং, ১৮৪—১৯০নং ও ১৭২নং তৌজীর অন্তর্গত মৌজা "রহড়া" গ্রামে প্রজার ৮০নং খতিয়ানভুক্ত $\frac{১০৬৮}{১৩৪৪}$ নং দাগের, ১০৭ নং খতিয়ানভুক্ত ১০৬৭, $\frac{১০৬৮}{১৩৪৫}$ ও $\frac{১০৬৮}{১০৪৬}$ নং দাগের ও ১৬৩নং খতিয়ান ভুক্ত ১০৬৮-নং দাগের ও মৌজা "কেরুলিয়া" গ্রামে প্রজার ৬৪নং খতিয়ানভুক্ত ৯৮ ও ৯৯নং দাগের, ১৪২নং খতিয়ানভুক্ত ১৫২নং দাগের ও ২২ নং খতিয়ান ভুক্ত ১৫৩, ১৫৪, $\frac{১৫৪}{৪৪}$ ও ১৫৫নং দাগের মোট ১২টি দাগে কমবেশী ৩২ বিঘা ৬ কাঠা (১০ একর ৬৬ শতাংশ) নিষ্কর ব্রহ্মোত্তর, রায়তস্থিতিবান ও মধ্যস্বত্বাধিকারী চিরস্থায়ী মকররী স্বত্বের জমি নিম্নের 'খ' তপশীলে বর্ণিত বিভিন্ন দলিল মূলে প্রথম পক্ষ খরিদ করিয়া ও ইস্তাফা গ্রহণ করিয়া তাহাতে নিব্যূঢ় স্বত্ব অর্জ্জন করিয়া খাসে নির্ব্বিবাদে দখলিকার থাকা কালীন উপরোক্ত মোট ৩২ বিঘা ৬ কাঠা জমির মধ্যে কমবেশী ৭ বিঘা ১১ কাঠা জমিতে রাস্তা, ড্রেন, পুষ্করিণী, পার্ক ইত্যাদির অবস্থান প্রদর্শন করাইয়া অবশিষ্ট ২৪ বিঘা ১৫ কাঠা জমি খণ্ড খণ্ড Plotএ বিভক্ত করিয়া উক্ত Plot গুলি সমিতির সভ্যদিগের মধ্যে বসবাসাদি করিবার জন্য বিলি বন্দোবস্ত দেওয়ার উদ্দেশ্যে প্রথম পক্ষ দুইটি নক্সা প্রস্তুত করিয়াছেন।

Scanned by CamScanner

For and on behalf of Bhardaha Co-operative Colony Ltd.

Chairman/Vice-Chairman

Secretary/Asst-Secretary

Director

Director

[ ২ ]

এক্ষণে দ্বিতীয় পক্ষ আমি|আমরা শ্রী মতি সুনীতি বালা পালিত

উক্ত সমিতির সভ্য শ্রেণীভুক্ত হইয়া গৃহাদি নির্ম্মাণ পূর্ব্বক স্থায়ীভাবে বসবাস করিবার মানসে উক্ত সম্পত্তির মধ্যে নিম্নের 'ক' তপশীলে বিশেষরূপে বর্ণিত এবং সমিতির উপরোক্ত ও অত্র দলিল সংলগ্ন নক্সার ১৬(ষোল) ও ১৯(উনিশ) নং প্লটস্থিত কমবেশী ১২ (বার) কাঠা ৭ (সাত) ছটাক জমি বন্দোবস্ত লইবার ইচ্ছা প্রকাশ করিয়া মং ৩২৮১ টাকা (তিন হাজার দুইশত একাশী টাকা) মাত্র টাকা সমিতির তহবিলে জমা দেওয়ায় এবং তৎসম্বন্ধে চিরস্থায়ী বন্দোবস্তীয় দলিল পাওয়ার প্রস্তাব করায় তাহাতে প্রথম পক্ষ সম্মত হইয়া এবং উক্ত টাকা প্রাপ্তি স্বীকার করিয়া বহড়া মৌজার ২০১৮/১৩৪৪ ও ২০১৮/১৩৪৫ [illegible] নং দাগের অন্তর্গত নিম্নের 'ক' তপশীলে বর্ণিত অত্রসংলগ্ন নক্সার ১৬(ষোল) ১৯(উনিশ) নং প্লট বলিয়া অভিহিত ও লালবর্ণে রঞ্জিত কমবেশী ১২ (বার) কাঠা ৭(সাত) ছটাক জমির বার্ষিক খাজনা সমবায় সমিতির মৌলিক নিয়মানুসারে মোট খাজনার হারাহারিমতে ১।৵ আনা (এক টাকা দুই আনা) মাত্র ধার্য্য করিয়া প্রথম পক্ষ দ্বিতীয় পক্ষকে সমিতির নিয়মাধীনে ও নিম্নলিখিত সর্ত্তে চিরস্থায়ী স্বত্বে বন্দোবস্ত দেওয়ায় আমরা প্রথম পক্ষ সমিতির সাপক্ষে স্বীকার অঙ্গীকার প্রচার ও চুক্তি করিতেছি যে অদ্য হইতে নিম্নলিখিতরূপ সর্ত্তাধীনে উক্ত ১৬(ষোল) ও ১৯(উনিশ) নং প্লটের ১২ (বার) কাঠা ৭ (সাত) ছটাক জমির খাসদখল হইতে সমিতি সম্পূর্ণ বঞ্চিত হইলেন, এবং উহার খাসদখলের অধিকার দ্বিতীয় পক্ষের উপর বর্ত্তিল এবং তাহাতে দ্বিতীয় পক্ষ স্বত্ববান ও দখলিকার হইয়া সমিতির নিয়মাধীনে উত্তরাধিকার সূত্রে ও স্থলাভিষিক্তগণ ক্রমে চিরকালের জন্য দান বিক্রয় প্রভৃতি সর্ব্বপ্রকার হস্তান্তরের ক্ষমতাযুক্তে ভোগদখল করিবার অধিকারী হইলেন।

প্রকাশ থাকে যে, নিম্নের "খ" তপশীলে বর্ণিত দলিল মূলে সমিতি স্থলাভিষিক্তগণ ক্রমে বন্দোবস্তীয় ১৬(ষোল) ও ১৯(উনিশ) নং প্লটের জমি দান বিক্রয় প্রভৃতি সর্ব্বপ্রকার হস্তান্তরের ও যথেচ্ছ ব্যবহারের অবাধ ক্ষমতাযুক্তে নির্ব্বিবাদে ভোগদখল করিয়া আসিতেছেন এবং সমিতির উপবিধির ( Bye-laws এর ) ৬৯নং ধারার বিধানমতে প্রথম পক্ষ সমিতির সাপক্ষে স্বাক্ষরকারী আমাদিগের এই দলিল সহি সম্পাদন করিয়া দিবার সম্পূর্ণ অধিকার আছে। এমতে আমরা উভয় পক্ষ নিম্নলিখিত সর্ত্ত মোতাবেক এই দলিল সহি সম্পাদন করিতেছি যেঃ—

Scanned by CamScanner

For and on behalf of
Khardah Co-operative Colony Ltd.
Vice-Chairman
Secretary
Director
Director
(Estd. 1949)

(৩)

# সর্ত্তাবলী যথা:—

(অ) সমিতির সভ্য হিসাবে দ্বিতীয় পক্ষ সমিতির উপবিধিগুলি ( Byelaws ) বিশেষরূপে নিম্নলিখিত ধারাগুলি মান্য করিবেন এবং ভবিষ্যতে যে সমস্ত উপবিধি প্রবর্ত্তিত হইবে বা যদি কোন উপবিধি পরিবর্ত্তিত হয় তাহা হইলে তাহাও পালন করিবেন:

(১) যতদিন দ্বিতীয় পক্ষ বন্দোবস্তীয় জমিতে স্বত্ববান ও দখলিকার থাকিবেন, ততদিন তিনি/তাঁহারা সমিতির সভ্য শ্রেণীভুক্ত থাকিতে বাধ্য থাকিবেন এবং প্লট প্রতি অন্যূন ১০০৲ একশত টাকা মূল্যের সমিতির Share এর অধিকারী থাকিবেন ও তাহা কোনও প্রকারে হস্তান্তর করিতে পারিবেন না। [ Bye-law 6 (i) & 10 ]

(২) সমিতির লিখিত সম্মতি লইয়া দ্বিতীয় পক্ষ বন্দোবস্তীয় জমি ও তদুপরি নির্ম্মিত গৃহাদি সমিতির নিয়মানুসারে হস্তান্তর করিতে পারিবেন। সমিতির লিখিত সম্মতি ব্যতীত উহা হস্তান্তর করিলে সমিতি তাহা অনুমোদন করিতে বাধ্য থাকিবেন না এবং তাহা নামঞ্জুর ও বাতিল হইবে। [ Byelaw-18 ] সমিতিও সঙ্গত ও বৈধ কারণ ব্যতীত হস্তান্তরের Consent withhold করিতে পারিবেন না।

(৩) দ্বিতীয় পক্ষ যদি সমিতির সভ্যপদ ত্যাগ করেন বা সমিতির নিয়মানুযায়ী সভ্যপদ হইতে অপসারিত হয়েন, তবে প্রথম পক্ষ সমিতি উচিত বাজার মূল্য দিয়া বন্দোবস্তীয় জমি ও তদুপরিস্থিত ইমারত ও গৃহাদি ক্রয় করিয়া লইবেন বা দ্বিতীয় পক্ষকে সমিতির অপর কোন সভ্যের নিকট হস্তান্তর করিবার লিখিত সম্মতি দিবেন। [ Byelaw 20 (i) ]

(৪) সমিতির সভ্য হিসাবে দ্বিতীয় পক্ষের মৃত্যুর পর সমিতিতে তাঁহার যে অংশ ( Share ) আছে বা থাকিবে তাহা ও বন্দোবস্তীয় জমি সায় তদুপরিস্থিত তাঁহার গৃহ ও ইমারতাদি যিনি বা যাঁহারা পাইবেন তাঁহাকে বা তাঁহাদিগকে দ্বিতীয় পক্ষ সমিতির নির্দ্দিষ্ট ফর্ম্ম ( form ) যথাবিহিত পূরণ ও সহি সম্পাদন করিয়া মনোনীত করিতে পারিবেন। ঐরূপ মনোনীত ব্যক্তিই দ্বিতীয় পক্ষের মৃত্যুরপর সমিতির উপবিধি অনুসারে দ্বিতীয় পক্ষের Share জমি ও ইমারতাদি প্রাপ্ত হইবেন, অপর কেহ হইবেন না। যদি দ্বিতীয় পক্ষ নিজ জীবদ্দশায় কোন ব্যক্তিকে এইরূপে মনোনীত করিয়া না যান, তবে দ্বিতীয় পক্ষের মৃত্যুর পর তাঁহার/তাঁহাদের আইন সঙ্গত ওয়ারিশানগণ সমিতির উপবিধি অনুসারে উপরোক্ত সম্পত্তির উত্তরাধিকারী হইবেন। এইরূপ মনোনীত ব্যক্তি বা ব্যক্তিগণ অথবা উত্তরাধিকারী বা উত্তরাধিকারীগণ দ্বিতীয় পক্ষের মৃত্যুর পর সমিতির সভ্য হইবার যোগ্য হইলে সভ্যশ্রেণীভুক্ত হইয়া উক্ত সম্পত্তি ভোগদখল করিতে থাকিবেন। কিন্তু তিনি বা তাঁহারা সভ্য হইবার যোগ্য না হইলে বা সভ্য হইতে ইচ্ছুক না হইলে উপরোক্ত ৩ নং দফার সর্ত্তানুযায়ী সমিতির বা সমিতির অপর কোন সভ্যের নিকট উক্ত সম্পত্তি তৎকালীন বাজার মূল্যে হস্তান্তর করিতে বাধ্য থাকিবেন। [ Byelaw 20 (ii) ]

(৫) বন্দোবস্তীয় জমির উপর দ্বিতীয় পক্ষ সমিতির নিয়মানুসারে বসবাসাদির জন্য কাঁচা পাকা

Scanned by CamScanner

(প্রথম পক্ষ)
For and on behalf of
Khardaha Co-operative Colony Ltd.
[signature]
Chairman/Vice-Chairman
[signature]
Secretary/Asst-Secretary
[signature]
Director
[signature]
Director

(দ্বিতীয় পক্ষ)
[signature]

Khardaha Co-operative ... (Estd. 1948)



গৃহাদি আবশ্যকমত প্রস্তুত করিতে পারিবেন, কিন্তু গৃহপ্রস্তুত, পরিবর্ত্তন বা পরিবর্দ্ধনের পূর্ব্বে তাহার নক্সা সমিতির দ্বারা অনুমোদন করাইয়া লইতে হইবে। এতৎসংক্রান্ত নিয়মাদি সমিতির আফিসে পাওয়া যাইবে। ( Bye-law 31 )

(আ) আরও প্রকাশ থাকে যে :—

(১) দ্বিতীয় পক্ষকে ১৬(ষোল)১১৭(উনিশ[illegible]) নং প্লটস্থিত যে ১২(বার) কাঠা ৭(সাত) ছটাক জমি বন্দোবস্ত দেওয়া হইল তজ্জন্য দ্বিতীয় পক্ষ সমিতিকে বার্ষিক ১২(বার) টাকা ১৫ (পনর) আনা কর দিবেন এবং উক্ত কর প্রতি সন চৈত্র মাসের মধ্যে সমিতির তহবিলে আদায় দিয়া সমিতির নিকট হইতে রসিদ বা দাখিলা লইবেন। বিনা রসিদে বা দাখিলায় কর আদায় দিলে তাহা সমিতি ওয়াশীল দিতে বাধ্য থাকিবেন না।

(২) উপরিস্থ জমিদার, মিউনিসিপ্যালিটি বা গভর্ণমেণ্ট কর্ত্তৃক মোট জমির উপর কোন. নূতন কর, দরিঅঙ্ক বা Tax ধার্য্য হইলে ঐ প্রকার ধার্য্য কর, দরিঅঙ্ক বা Tax হারাহারিমতে দ্বিতীয় পক্ষ পৃথক ভাবে সমিতির তহবিলে আদায় দিবেন।

(৩) ২নং দফায় লিখিত কারণ ব্যতিরেকে সমিতি ধার্য্য কর বৃদ্ধি করিতে অথবা অন্য কোন প্রকার দরিঅঙ্ক বা Tax দাবী করিতে পারিবেন না বা দ্বিতীয় পক্ষ কোন কারণে খাজনা কমাইবার দাবী করিতে পারিবেন না।

(৪) উপরোক্ত ১ ও ২ দফায় লিখিতমত সমিতিকে দেয় বাৎসরিক কর, দরিঅঙ্ক বা Tax আদায়ের জন্য বন্দোবস্তীয় জমি ও তদুপরিস্থিত গৃহাদির উপর প্রথম চার্জ্জ থাকিবে এবং উক্ত কর বা Tax সমিতির তহবিলে নিয়মিতভাবে আদায় না দিলে দ্বিতীয় পক্ষ মালিক আইন আমলে আসিবেন।

(৫) বন্দোবস্তীয় জমির উপর দ্বিতীয় পক্ষের বাসগৃহ নির্ম্মিত হইলে মিউনিসিপ্যালিটি ( Municipality ) কর্ত্তৃক যে Tax ধার্য্য হইবে, তাহা দ্বিতীয় পক্ষ পৃথক আদায় দিবেন। তাহার সহিত সমিতির কোন সংস্রব থাকিবে না।

(৬) সমিতির নিয়মাধীনে দ্বিতীয় পক্ষ সমিতির পুষ্করিণী, রাস্তা, ড্রেন ও পার্ক ব্যবহার করিতে পারিবেন এবং সম্ভব ক্ষেত্রে Gas, Electric connection প্রভৃতি লইতে পারিবেন, কিন্তু সমিতির বা অন্যান্য সভ্যদিগের বা তাঁহাদের সম্পত্তির ক্ষতিকারক বা অসুবিধাজনক কোন কার্য্য করিতে পারিবেন না, করিলে তাহার ক্ষতিপূরণ করিতে বাধ্য থাকিবেন।

(৭) দ্বিতীয় পক্ষ বন্দোবস্তীয় জমির সীমানা সহরদ্দ বজায় রাখিবেন এবং অপরের জমি দখল ( encroach ) করিতে পারিবেন না।

(৮) বন্দোবস্তীয় জমির উপরিস্থিত মালেকের খাজনা ও সেসাদি সমিতি মালেকের সেরেস্তায়

Scanned by CamScanner

( প্রথম পক্ষ )
For and on behalf of
Khardaha Co-operative Colony Ltd.

Chairman/Vice-Chairman

Secretary/Asst. Secretary

Director

Director

( দ্বিতীয় পক্ষ )



নিয়মানুযায়ী যথাসময়ে আদায় দিবেন। মালেকের খাজনা বা সেসাদির সহিত দ্বিতীয় পক্ষের কোনরূপ দায়িত্ব বা সংশ্রব থাকিবে না। যদি সমিতি মালেকের খাজনাদি যথাসময়ে আদায় না দেন এবং সমিতির ত্রুটি বা শৈথিল্যে ঐ খাজনা মালেকের সেরেস্তায় সময়মত আদায় না দেওয়ার ফলে যদি দ্বিতীয় পক্ষের কখনও কোন ক্ষতি হয়, তাহা হইলে সমিতি দ্বিতীয় পক্ষকে তজ্জন্য উপযুক্ত ক্ষতিপূরণ করিতে স্বীকৃত ও বাধ্য থাকিলেন।

(৯) নিম্নের "খ" তপশীলে বিশেষরূপে বর্ণিত সমিতির নাম বরাবরে সম্পাদিত বিক্রয় কোবালা ও ইস্তাফা দলিল এবং এতদ্‌সম্পর্কীয় যাবতীয় দলিল দস্তাবেজাদি যাহা দ্বারা সমিতি উক্ত সম্পত্তির অধিকারী হইয়াছেন, তাহা সমিতির হেপাজতে সমিতির অফিসে জমা থাকিবে এবং সমিতি ঐ সকল দলিল দস্তাবেজাদি সযত্নে রক্ষা করিবেন। ভবিষ্যতে দ্বিতীয় পক্ষের প্রয়োজনে ঐ সকল title দলিলাদি কোন অফিস আদালতে বা সালিশগণ সমীপে দাখিল করার বা ঐ সকল দলিলের নকল লওয়ার আবশ্যক হইলে সমিতি দ্বিতীয় পক্ষের প্রস্তাব মতে ও ব্যয়ে ঐ সকল দলিলাদি যথাসময়ে ও যথাস্থানে দাখিল করিতে বা উহার নকল দিতে বাধ্য থাকিবেন।

এই দলিলের সর্ত্তাবলীর দ্বারা প্রথম পক্ষ **Khardaha Co-operative Colony Ltd.** স্থলাভিষিক্তগণক্রমে ও দ্বিতীয় পক্ষ শ্রী মতি সুনীতি বালা পালিত

উত্তরাধিকারী ও স্থলাভিষিক্তগণক্রমে উভয়ে উভয়ের নিকট বাধ্য রহিলেন। এতদর্থে স্বচ্ছন্দচিত্তে সরল অন্তঃকরণে সজ্ঞানে ও অন্যের বিনানুরোধে এই দলিল লিখিত পঠিত ও তাহার মর্ম্ম সম্যক অবগত হইয়া আমরা উভয় পক্ষ সহি সম্পাদন করিলাম।

ইতি বাং সন ১৩৮৩ সাল তাং ২৫ শে চৈত্র

ইং সন ১৯৭৭ তাং ৮ই এপ্রিল

Khardaha Co-operative Colony Ltd.
Estd. 1948

Khardaha Co-operative Colony Ltd.

Chairman/Vice-Chairman

Secretary

Director

Director

Director

## তপশীল "ক" ( বন্দোবস্তীয় জমির পরিচয় )

মোট সম্পত্তির অন্তর্ভুক্ত রহড়া মৌজাস্থিত ৩৮ নং চাঁদনীচক কলিকাতা নিবাসী শ্রী উপেন্দ্রনাথ সিংহ নং ৩৩৩২নং সর্দেশ কলিকাতা নিবাসী শ্রী শিশির কুমার ও শ্রী প্রমোদ কুমার বন্দ্যোপাধ্যায় মালেকাধীন প্রজার ৮০(আশী) ১০৭(নং খতিয়ানভুক্ত (একশত সাত)

নিম্নস্তর বুঝোস্থর ও বাপত স্থিতিবান স্বত্বের অন্তর্ভুক্ত

$\frac{১০১৮}{১৩৪৫}$ ও $\frac{১০১৮}{১৩৪৪}$ (একহাজার আঠার বার্তা তেরশত পঁয়তাল্লিশ ও চুয়াল্লিশ) নং দাগের অন্তর্গত অত্র দলিল সংলগ্ন নক্সায় প্রদর্শিত ১১(একশত ১২৭(এক) নং প্লট বলিয়া অভিহিত ও লাল বর্ণে রঞ্জিত কমবেশী ২(বার) কাঠা ৭(সাত) ছটাক জমি (২ঃ সাত সাত '২০৫ শতাংশ) অত্র দলিলের বন্দোবস্তীয় সম্পত্তি, যাহার চৌহদ্দি :—

উত্তর : সমিতির রাস্তা

পূর্ব্ব : সমিতির ২৭ ও ২৮ নং প্লট

দক্ষিণ : সমিতির রাস্তা

পশ্চিম : সমিতির রাস্তা

## তপশীল "খ" ( দলিলাতের জায় )

১। শ্রীকৃষ্ণধন মুখোপাধ্যায় ও শ্রীপাঁচুগোপাল সেন দিগের মধ্যে সম্পাদিত ইং ১।৯।১৯৪২ বাং সন ১৩৪৯ সাল, ১৫ই ভাদ্র তারিখের লিজ-পত্র—Registered at Barrackpur Sub-Registrar's Office in Bk No. I Vol No. 13, Pages 121-126 Being No. 483.

২। শ্রীপাঁচুগোপাল সেন সম্পাদিত শ্রীক্ষিতীশ চন্দ্র দাস গুপ্ত ও শ্রীযতীন্দ্রলাল মজুমদার নাম বরাবর ইং ১২।৭।৪৮ বাং সন ১৩৫৫ সাল, ২৮শে আষাঢ় তারিখের Leasehold Right ( লিজ স্বত্ব ) বিক্রয়ের সাফ কোবালা—Registered at District Registrar's Office, Alipur in Bk No. I, Vol No. 46, Pages 293-298, Being No. 2283.

৩। শ্রীকৃষ্ণধন মুখোপাধ্যায় ও শ্রীশৈলেন্দ্র নাথ মুখোপাধ্যায় সম্পাদিত Khardaha Co-operative Colony Ltd. নাম বরাবর ইং ৪।৩।৪৯ বাং সন ১৩৫৫ সাল, ২০শে ফাল্গুন তারিখের ৭.২৭ একর জমি সাফ বিক্রয়ের কোবালা—Registered at Barrackpur Sub-Registrar's Office, in Bk No. I, Vol No. 10, Pages 188-196, Being No. 433.

Scanned by CamScanner

( প্রথম পক্ষ )
For and on behalf of
Khardaha Co-operative Colony Ltd.
Sisir Kumar Goswami
Chairman/Vice-Chairman
Hem Ch. Chakrabarti
Secretary/~~Asst. Secretary~~,
K. C. Kundu Ray
Director
Manoranjan Banerjee
Director

( দ্বিতীয় পক্ষ )
শ্রীমতী সুনীতি বালা সান্যাল



৪। শ্রীক্ষিতীশ চন্দ্র দাস গুপ্ত ও শ্রীযতীন্দ্র লাল মজুমদার সম্পাদিত Khardaha Co-operative Colony Ltd. নাম বরাবর ইং ৪।৩।৪৯, বাং সন ১৩৫৫ সাল ২০শে ফাল্গুন তারিখের ইস্তাফানামা—Registered on 29-6-49 at the District Registrar's Office, Alipur in Bk No I, Vol No. 46, Pages 211-214, Being No. 2717.

৫। শ্রীমতী সরোজিনী দেবী, শ্রীসুশীল কুমার, শ্রীসুবোধ কুমার, শ্রীসুনীল কুমার, শ্রীসুহাস কুমার, শ্রীনলিন কুমার বন্দ্যোপাধ্যায় সম্পাদিত Khardaha Co-operative Colony Ltd. নাম বরাবর ইং ২২।২।৫০, বাং সন ১৩৫৬ সাল, ১০ই ফাল্গুন তারিখের ৩.৩৯ একর জমি বিক্রয়ের সাফ কোবালা—Registered at District Registrar's Office, Alipur in Bk No. I, Vol No. 18, Pages 202-210, Being No 515.

Witness ( ইসাদি )

লিখকেও ইসাদি
শ্রী হেম চন্দ্র চক্রবর্তী
খড়দহ কো-অপারেটিভ কলোনী লিঃ
পোঃ- রহড়া, জিলা-২৪ পরগনা

শ্রীনরেন্দ্র চন্দ্র দত্ত
খড়দহ কো-অপারেটিভ কলোনী লিঃ
পোঃ- রহড়া
জিলা- ২৪-পরগনা,

Pran. Krishna Dutta.
Khardaha Co-operative Colony Ltd.
Po. Rahara.
Dist 24, Parganas.

( প্রথম পক্ষ )
For and on behalf of
Khardaha Co-operative Colony Ltd.
Sisir Kumar Goswami
~~Chairman~~/Vice-Chairman
Hem Ch. Chakrabarti
Secretary/~~Asst. Secretary~~,
K. C. Kundu Ray
Director
Manoranjan Banerjee
Director

( দ্বিতীয় পক্ষ )

শ্রীমতী সুনীতি বালা সান্যাল

Khardaha Co-operative Colony Ltd. Estd. 1948

Scanned by CamScanner

Sub-Registrar of Barrackpore

Book No. I
Volume No. 35
Pages 207 to 220
Being No. 2296
For the year 1957

Sub-Registrar of Barrackpore
9/4/57